**বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র**
সাভার, ঢাকা।
পিপিআর অনুবিভাগ
www.bpatc.gov.bd

## ২০২৩ সনের ২য় অনুষদ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আশরাফ উদ্দিন<br>রেক্টর (সরকারের সচিব), বিপিএটিসি |
| সভার তারিখ | : ১৯ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | : সকাল ১০:৩০ মি. |
| স্থান | : কক্ষ নং-২০৭, আইটিসি |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভা আরম্ভ করা হয়। সভাপতি তাঁর প্রারম্ভিক বক্তব্যে বলেন যে 'অনুষদ সভা' বিপিএটিসি'র ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। এ সভায় সকল অনুষদ সদস্য অংশগ্রহণ করতে পারেন বিধায় প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে আলোচনা ও পর্যালোচনার সুযোগ সৃষ্টি হয়। তাই, এ সভায় সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ জরুরি। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করেন।

০২। পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন যে, ১৮ জুন ২০২৩ তারিখে সর্বশেষ অনুষদ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়ন হয়নি তথা সিদ্ধান্তের আলোকে কার্যক্রম চলমান রয়েছে সে বিষয়গুলো বিবেচনায় নিয়ে বর্তমান সভার কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। অতঃপর সভায় সার্বিক আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ১৮/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন | সভায় বিগত সভার কার্যবিবরণীটি পাঠ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সবাই একমত পোষণ করেন। সভায় কোন সংশোধন প্রস্তাব কেউ উত্থাপন করেননি। | পূর্ববর্তী সভার (১৮ জুন ২০২৩ তারিখ) কার্যবিবরনী দৃঢ়ীকরণ করা হয়। |
| ২. | প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutional Review) | পূর্বের সভায় নিম্নরূপ সিদ্ধান্ত ছিলঃ<br>An office order forming the Institutional Committee with revised ToR has to be issued immediately. The Committee will come up with a draft report in three months after formation।<br>সভায় আলোচনা হয় যে, Institutional Review একটি একাডেমিক গবেষণা যা বিপিএটিসি'র প্রতিষ্ঠালগ্ন হতে এর কার্যক্রম নিয়ে পর্যালোচনা করবে। Review-এর একটি অংশ কেন্দ্রের অর্গানোগ্রাম প্রস্তুত করা। এ কাজটি প্রশাসন শাখা থেকে অন্য একটি কমিটির মাধ্যমে পরিচালিত হচ্ছে। ২০২০ সালে গঠিত কমিটি Institutional Review কিভাবে করা যায় তা নিয়ে পরামর্শ প্রদান করতে পারেন। পরামর্শসমূহের মধ্যে তৃতীয় পক্ষ দিয়ে Review-এর কাজ সম্পন্ন করার বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে। | ইতোপূর্বে গঠিত রিভিউ কমিটিসমূহের কার্যক্রম সংক্রান্ত তথ্যাদিসহ নথিতে উপস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট অনুষদবর্গের সাথে আলোচনাক্রমে এসংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br><br>বাস্তবায়ন: এমডিএস (পিএন্ডএস) |
| ৩. | বিষয়ভিত্তিক স্বল্পমেয়াদি/সংক্ষিপ্ত | সভায় জানানো হয়, বিষয়ভিত্তিক স্বল্পমেয়াদি সম্ভাব্য ৬টি কোর্স রেক্টর মহোদয় অনুমোদন করেছেন। প্রস্তাবিত কোর্সসমূহের | জানুয়ারি, ২০২৪ মাসে অন্তত একটি |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | প্রশিক্ষণ কোর্স আয়োজন | মধ্যে ০৪টি কোর্স ইতোপূর্বে কেন্দ্রে পরিচালিত হতো। এসব কোর্সের মেয়াদ ছিল ১০-১৫ দিন। বর্তমানে উক্ত কোর্সসমূহের জন্য বর্তমান বাজারভিত্তিক (market-based) বাজেট প্রস্তুতের কাজ চলমান। সভায় উপপরিচালক (গবেষণা) বলেন, কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগসমূহকে সক্রিয় করার লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগকে এসব সংক্ষিপ্ত কোর্সসমূহ পরিচালনা করা যেতে পারে। যেমন: বিপিএটিসির ৬টি বিভাগ সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজন এবং ক্ষেত্রমত সংশ্লিষ্ট বিভাগ/Expert Team কোর্সের পাঠক্রম, ম্যানেজমেন্ট টিম, বাজেট প্রণয়ন করতে পারে। প্রশিক্ষণার্থী নির্ধারণের ক্ষেত্রে সরকারী, বেসরকারী ও এনজিও থেকে অংশগ্রহণ আহ্বান করা যেতে পারে। সভায় প্রস্তাবিত ছয়টি কোর্স নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অনুষদ সদস্যদের নিকট হতে নতুন কোর্সের সুপারিশ আহ্বান করা হয়। সভাপতি বলেন, জানুয়ারি ২০২৪ মাসেই অন্তত একটি সংক্ষিপ্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া যেতে পারে। | সংক্ষিপ্ত/স্বল্পমেয়াদি কোর্স আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়ন: পরিচালক (পিপিআর) ও কোর্স ব্যবস্থাপনা টিম |
| ৪. | কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/শাখার কার্যক্রম জোরদারকরণ | নিজ বিভাগের কার্যপরিধি আরো জোরদার করার জন্য কি কি কার্যক্রম হাতে নেয়া যায় সে সংক্রান্ত অগ্রগতি জানতে পিপিআর অনুবিভাগ হতে সকল বিভাগে ১২ নভেম্বর ২০২৩ তারিখে ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০১৪.১৯.৫৩৭ নং ইউ.ও নোট সকল বিভাগে প্রেরণ করা হয়। আলোচনায় জানা যায়, কয়েকটি বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়ে আলোচনা করেছেন কিন্তু এ বিষয়ে কোন লিখিত ডকুমেন্ট প্রস্তুত করা হয়নি। | সংশ্লিষ্ট অনুবিভাগসমূহকে সক্রিয় করার জন্য এমডিএসগণ উদ্যোগী হবেন এবং এসংক্রান্ত কর্মপরিকল্পনা পরবর্তী সভায় প্রকাশ করবেন।<br><br>বাস্তবায়ন: এমডিএস (সকল) |
| ৫. | পর্যবেক্ষণ দল (Vigilance Team) সক্রিয়করণ | পূর্বে গঠিত 'ভিজিল্যান্স টিম'কে সক্রিয়করণে পরিচালক (মূল্যায়ন)-কে অনুরোধ জানানো হয়। টিম এর সদস্যদের নজরদারিতে পুন:নিয়োগে ব্যক্তি নামে অফিস আদশে না করে পদের বিপরীতে অফিস আদেশ করা যেতে পারে যাতে অর্পিত দায়িত্ব পালনে ব্যাঘাত না হয়। | চলমান কোর্সসমূহের কার্যক্রমসমূহ পর্যবেক্ষণের জন্য পর্যবেক্ষণ টিম সক্রিয়করণে পরিচালক (মূল্যায়ন) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>বাস্তবায়ন: পরিচালক (মূল্যায়ন) |
| 6. | সম্পন্নকৃত এসএসসি/এসিএডি কোর্সের সনদ প্রেরণ | ১৬ এপ্রিল ২০২৩ বা উক্ত তারিখের পূর্বে সম্পন্নকৃত ১২৮-১৩৫তম এসিএডি এবং ৯৭-৯৮তম এসএসসি'র সনদ প্রশিক্ষণার্থীদের ঠিকানায় পাঠানো হয়েছে। অন্যান্য কোর্সের সনদ প্রেরণের কাজ চলমান আছে। পরিচালক (মূল্যায়ন) সভাকে অবহিত করেন, সার্টিফিকেট কভার ব্যতীত শুধুমাত্র খামে করে সনদ প্রেরণ করা হচ্ছে বলে অনেক সিনিয়র কর্মকর্তা বিষয়টি বিপিএটিসি'কে জানিয়েছেন এবং সনদসমূহ কভারসহ প্রেরণের জন্য অনুরোধ করেছেন। | সকল সনদ কভারসহ প্রশিক্ষণার্থীর ঠিকানায় প্রেরণ করতে হবে। যেসকল সনদ কভারবিহীন প্রেরণ করা হয়েছিল, সেসব প্রশিক্ষণার্থীর নিকট আলাদাভাবে কভার প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (মূল্যায়ন) |
| ৭. | কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জন | পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন, কেন্দ্রে একটি এপিএ পরিদর্শক টিম গঠন করা হয়েছে। উক্ত টিম কর্তৃক বিপিএটিসি'র বিভিন্ন শাখার এপিএ অগ্রগতি পর্যালোচনা ও | কেন্দ্রের এমডিএসগণ তাদের বিভাগ সংশ্লিষ্ট এপিএ লক্ষ্যসমূহের |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | প্রমাণক সংগ্রহের কার্যক্রম চলছে। সভাপতি বলেন, এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন শাখাকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। সেক্ষেত্রে শাখা ভিত্তিক অর্পিত দায়িত্ব নিষ্পন্ন করে তার প্রমাণক এপিএ সেল-এ প্রেরণ করতে হবে। গবেষণা শাখা কর্তৃক পরিচালিত ১টি কোর কোর্সের Impact Analysis এর অগ্রগতি প্রতিবেদনও এপিএ টিম বরাবর প্রেরণ করতে হবে। | অগ্রগতি নিরীক্ষা করবেন এবং এ সংক্রান্ত রির্পোট এপিএ টিম (পরিচালক, পিপিআর) বরাবর প্রেরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br><br>বাস্তবায়ন: এমডিএস (সকল) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ |
| ৮. | অনুষদ সদস্যদের দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রম | সভায় কেন্দ্রের অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ পরিচালনার বিষয়ে আলোচনা হয়। পরিচালক (পিপিআর) জানান, সম্প্রতি অনুষদ সদস্যদের জন্য সরকারি ক্রয়পদ্ধতি বিষয়ক ১০দিন মেয়াদি একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে যা প্রশংসিত হয়েছে। অনুরূপ একটি প্রশিক্ষণ ফেব্রুয়ারি ২০২৪ মাসে আয়োজনের উদ্যোগ নেয়া হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এরপর অনুষদ সদস্যগণ নানাবিধ প্রয়োজনীয় বিষয়ে দক্ষতার উপর গুরুত্ব আরোপ করে আলোচনায় অংশ নেন। প্রাথমিকভাবে Advanced ToT Course, Advanced Course on English Language এবং Orientation Course for Course Management Team পরিচালনা করা যেতে পারে মর্মে আলোচনা হয়। সিস্টেম এনালিস্ট ড মোঃ জিয়াউল ইসলাম বলেন, ইতোপূর্বেও কেন্দ্রে, বিশেষত রমজান মাসে অনুষদ সদস্যদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন কার্যক্রম চলমান রাখা হত। সভায় হার্ভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Faculty Pool-ToT Course এর Knowledge Dissemination এর জন্য একটি অর্ধদিবস সেমিনার আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়াও, নতুন যুগোপোযোগী কোন কোর্স চালু করার নিমিত্তে অনুষদ সদস্যগণ পিপিআর অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করবেন। যেমন: EoI ভিত্তিক অনুষদ সদস্যদের Expert group/Cluster থেকে কোর্স আয়োজন করতে পারেন বা প্রস্তাব দিতে পারেন। | অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণ ও অন্যান্য আয়োজন পরিচালনা করতে হবে। কোন কোর্স হবে, কোর্সের মেয়াদ এবিষয়গুলো পরবর্তীতে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।<br><br>বাস্তবায়ন: পরিচালক (পিপিআর) |
| ৯. | বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত | উপপরিচালক (পিপিআর) জানান, বর্তমানে কেন্দ্রের নিজস্ব অনুষদ সদস্যদের জন্য বিদেশে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ অত্যন্ত সীমিত। কেন্দ্রের কোন প্রকল্প হতে উচ্চশিক্ষায় অর্থায়নের সুযোগ নেই। এছাড়া, সরকারের বিভিন্ন কর্মসূচি বা সরকারের মাধ্যমে যেসব বিদেশি স্কলারশিপে অংশগ্রহণের সুযোগ সরকারি কর্মচারিরা পেয়ে থাকেন, সেখানেও বিপিএটিসির অনুষদ সদস্যদের অন্তর্ভূক্ত করা হয় না। এপ্রেক্ষাপটে, গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ অনুষদ সদস্যদের বিদেশ প্রশিক্ষণে প্রেরণ বিষয়ক একটি সভা আয়োজিত হয়। এতে সিদ্ধান্ত হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের মাধ্যমে যেসব শিক্ষাবৃত্তির জন্য বিজ্ঞপ্তি আহবান | অনুষদ সদস্যদের সরকারি শিক্ষাবৃত্তিসহ আন্তর্জাতিক স্কলারশিপের জন্য অন্তর্ভূক্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br><br>বাস্তবায়ন: পিপিআর শাখা |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | করা হয়, যেসব শিক্ষাবৃত্তির জন্য অনুষদ সদস্যদের সরকারি কর্মচারি হিসেবে বিবেচনায় নিয়ে সুযোগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে। | |
| ১০. | কেন্দ্রের শাখাভিত্তিক কার্যপরিধি হালনাগাদকরণ | সভায় আগস্ট ১৯৮৬ সাল থেকে চলমান Distribution of Business নিয়ে আলোচনা হয়। জানা যায়, বিপিটিসি'র ISO-9001-তে অন্তর্ভূক্তিকালে (মে, ১৯৯৯) Distribution of Business এর একটি বর্ধিত সংস্করণ করা হয়। অদ্যবধি উক্ত কার্যপরিধি কোনরকম হালনাগাদ করা হয়নি। যেহেতু বিগত সময়ে কেন্দ্রের কার্যক্রম বহুগুণ বৃদ্ধি পেয়েছে এবং নতুন শাখার উদ্ভব হয়েছে। এ অবস্থায়, কেন্দ্রের শাখাভিত্তিক কার্যপরিধি হালনাগাদ করার প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। আলোচনার এপর্যায়ে এমডিএস মোঃ জাকির হোসেন অভিমত প্রকাশ করেন যে, আলোচ্য বিষয়টি মূলত প্রশাসনিক সমন্বয়সভার বিবেচ্য। কাজেই এটি প্রশাসনিক সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করা যেতে পারে।<br><br>এটি হালনাগাদ করার ক্ষেত্রে 'আর্থিক ক্ষমতা অর্পণ' এর বিষয়টি সংযুক্ত করার অনুরোধও সভায় করা হয়। | কেন্দ্রের শাখাভিত্তিক কার্যপরিধি হালনাগাদকরণের বিষয়টি পরবর্তী প্রশাসনিক সভার আলোচনাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) |
| ১১. | Standard Operating Procedure (SOP) of BPATC, 2021 হালনাগাদকরণ | পরিচালক (পিপিআর) বলেন, কেন্দ্রে ইতোপূর্বে জারিকৃত Standard Operating Procedure (SOP) Training Management of BPATC, ২০২১ এ প্রয়োজনীয় সংশোধন আনয়নপূর্বক হালনাগাদ করা প্রয়োজন। যেমনঃ Course Brochure এবং Course Curriculum পৃথকভাবে প্রকাশের বিষয়ে উল্লেখ থাকলেও তা এখন অনুসরণ করা হয় না। বর্তমানে Course Brochure এবং Course Curriculum নিয়ে একত্রে একটি প্রকাশনা পিপিআর থেকে করা হয় কিন্তু প্রকাশের ব্যয় কোর্সের বাজেটে অন্তর্ভুক্ত থাকায় সমস্যার সৃষ্টি হচ্ছে। প্রকাশনার দায়িত্ব ও অর্থ ব্যয়ের দায় একই শাখা বা টিমের হাতে থাকা বাঞ্ছনীয়। | ক) কোর্স প্রশাসন Guideline ও Brochure একত্রে প্রিন্ট করবে। কোর্স বাজেট থেকে এ অর্থ পরিশোধ করতে হবে।<br><br>খ) পিপিআর অনুবিভাগ কারিকুলামের সফ্ট কপি প্রস্তুত করে কোর্স ব্যবস্থাপনা দলকে কোর্স শুরুর কমপক্ষে ১৫ দিন আগে প্রেরণ করবে।<br><br>বাস্তবায়ন: পিপিআর (অনুবিভাগ) সংশ্লিষ্ট কোর্স ব্যবস্থাপনা দল। |
| ১২. | লেসন প্ল্যান প্রস্তুতকরণ | জনাব মোঃ আবুল বাসার, পরিচালক জানান, SOP, ২০২১ মোতাবেক মডিউল পরিচালকগণ কারিকুলামের বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত lesson plan প্রস্তুত করবেন যা বিভিন্ন বক্তা দ্বারা পরিচালিত সেশনে অনুসৃত হবে। এমডিএস মোঃ জাকির হোসেন জানান, কেন্দ্রে একটি প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সেখানে বিভিন্ন কোর্স অনুযায়ী মডিউলভিত্তিক সম্ভাব্য বক্তার তালিকা সংযুক্ত করা যেতে পারে। এ লক্ষ্যে মডিউল অনুযায়ী অনুষদ সদস্যদের Area of Interest দেখে বিশেষজ্ঞ প্যানেল প্রস্তুত করতে হবে। এ বিষয়ে সভায় জানানো হয়। | বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মডিউলভিত্তিক লেসন প্ল্যান প্রস্তুতের জন্য অনুষদ সদস্যদের মধ্য থেকে মডিউলভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল প্রস্তুতপূর্বক দায়িত্ব প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়ন: পিপিআর (অনুবিভাগ) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৩. | অনুষদ সদস্যদের নিকট হতে প্রাপ্ত প্রস্তাব | পিপিআর অনুবিভাগের অনুরোধের পরিপ্রেক্ষিতে অনুষদ সদস্যদের থেকে নিম্নোক্ত 'আলোচ্য বিষয়সমূহ' পাওয়া গিয়েছে:<br>১। কেন্দ্রের প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে বক্তাদের (অনুষদ এবং অতিথি) জন্য একটি অনুসরণীয় নির্দেশিকা প্রণয়ন করা।<br><br>২। বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীদের Research Paper সমূহ থেকে Best Practices গুলো দিয়ে Case তৈরী করা, দপ্তর সংস্থায় পাঠানো, Training Material প্রণয়ন করা, ইত্যাদি কর্মকান্ডের উদ্যোগ গ্রহণ করা যায়। তার জন্য Public Administration Research & Innovation Lab গঠন করা যায়।<br><br>৩। FTC এর Impact on Civil Servant Performance Measurement নিরুপন করা: জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বুনিয়াদি প্রশিক্ষণের উপর Training Needs Assessment (TNA) সংক্রান্ত গবেষণা প্রকল্প চলমান আছে এবং তার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। বুনিয়াদি প্রশিক্ষণের Impact Access করার জন্য বিপিএটিসি কর্তৃক পদক্ষেপ গ্রহণ করা জরুরী। সে লক্ষ্যে একটি বড় মাপের Research হাতে নেয়া যেতে পারে।<br><br>৪। প্রশিক্ষণার্থীদের টি-শার্টে আইডি নম্বর সম্বলিত ট্যাগ সংযুক্তকরণ।<br><br>৫। প্রশিক্ষণার্থীদের খেলাধূলার কেডস্ এর রং সাদার সাথে ১০-১৫% অন্য রং ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ ও অনুমতি প্রদান। | ১। বক্তাকে আমন্ত্রণপত্র প্রেরণের সময়ই বক্তা নির্দেশিকা সাথে প্রেরণ করতে হবে। বক্তা মূল্যায়নের ক্ষেত্রেও এ নির্দেশিকা সংযুক্ত করতে হবে।<br>পিপিআর অনুবিভাগ CDC এর সভার মাধ্যমে বক্তা নির্দেশিকা চূড়ান্ত করবে।<br><br>২। বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীদের Research Paper সমূহ থেকে Best Prectices গুলো দিয়ে case প্রস্তুত গঠনের জন্য JICA এর সহযোগিতা চাওয়া যেতে পারে। এজন্য JICA তে Concept Note প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (গবেষণা ও উন্নয়ন)<br><br>৩। সদ্য সমাপ্তকৃত TNA এর ফলাফল পরবর্তী এফটিসিতে প্রয়োগ করা যায় কিনা তা যাচাই করতে হবে এবং একটি Policy Brief প্রকাশ করতে হবে। অন্যান্য কোর্সসমূহের জন্য TNA নিরূপনে গবেষণা প্রকল্প হাতে নিতে হবে।<br><br>৪। প্রশিক্ষণার্থীদের টি-শার্টে আইডি নম্বর সম্বলিত ট্যাগ কোন প্রক্রিয়ায় সংযুক্ত করা হবে তার জন্য একটি কমিটি করতে হবে।<br><br>৫। NTC এর পোশাক সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৪. | বিবিধ | বিপিএটিসি'র অনুষদ সদস্যদের নিকট হতে নিম্নোক্ত বিবিধ বিষয়ে আলোচনা উপস্থাপন করা হয়ঃ<br><br>ক) বিভিন্ন কোর্সে আগত অতিথি বক্তাদের পরিচিতি (CV) ইআরপি (ERP)-তে আপলোড করার জন্য জনাব মোঃ মোতাহের হোসাইন, উপপরিচালক সংশ্লিষ্ট সকল কোর্স ম্যানেজমেন্ট টিমকে অনুরোধ করেন এবং অতিথি বক্তাদের সিভি (CV) উপপরিচালক (এমআইএস)-কে প্রেরণের জন্যও মতামত প্রদান করেন।<br><br>খ) ইআরপি (ERP)-তে ব্যবহারকারীগণের তথ্য সম্বলিত PMIS অংশটি উন্নীতরণের লক্ষ্যে সরকারী কর্মচারী ব্যবস্থাকরণ পদ্ধতি (GEMS) তে অন্তর্ভূক্ত বৈশিষ্ট্য অনুসরণ করা যায়। উপরন্তু ইআরপি (ERP) সফট্ওয়্যার এ প্রত্যেক অনুষদ সদস্যের কোর্স সংক্রান্ত বিভিন্ন সংশ্লিষ্টতা (কোর্স ব্যবস্থাপনা টিম, মডিউল পরিচালক, রিসার্চ মেন্টর ইত্যাদি) বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পেতে একটি স্বতন্ত্র TAB/Sub Menu চালু করা যেতে পারে।<br><br>গ) বিপিএটিসি'র ৪০ বছর পূর্তিতে একটি Video Documentation প্রস্তুত করা যায় এবং ৫০ বছর পূর্তিতে বিপিএটিসি'র প্রতিষ্ঠালগ্ন হতে এর কার্যক্রম এবং পরিবর্তন সংক্রান্ত একটি গবেষণা পরিচালনা করা যায়। | |

২। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/০২-০১-২০২৪
**(মোঃ আশরাফ উদ্দিন)**
রেক্টর (সরকারের সচিব)

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.১৪.১৯. ৬২০

তারিখ: ০২ জানুয়ারি ২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেও সদয় কার্যার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সিএ টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সংশ্লিষ্ট নথি।

০২/০১/২০২৪
(হাসান মূর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)
ফোনঃ ৪১০৬